



ঢাকা ওয়াসা


- ১। ২০২৬-২০২৭ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
- ২। ২০২৬-২০২৭ ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ৩। গেট পাস ও এম আর এস স্লিপ।
- ৪। পূর্বানুমোদিত দরের ফটোকপি।
- ৫। প্রাক্কলন।


বিষয়ঃ Chlorine Cylinder Carrying work from SOC division to Store Division and vice versa শীর্ষক কাজ প্রসঙ্গে।


- ০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৪০ টি গভীর নলকূপ রয়েছে। এই সব গভীর নলকূপের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবাণুমুক্ত করা হয়। এ জন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার এস ও সি বিভাগের আওতায় প্রায় ৮২১ টি পাম্পে ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম রয়েছে। উক্ত ডোজিং সিস্টেমটি সচল রাখার জন্য ক্লোরিন গ্যাস সিস্টেম ব্যবহার করা হয়। ব্যবহৃত সিলিন্ডারের ক্লোরিন গ্যাস শেষ হয়ে গেলে তা ঢাকা ওয়াসার ভান্ডার বিভাগে এম আর এস ও গেইট পাসের (ক্রঃ নং-০৩) মাধ্যমে জমা করা হয় এবং ঢাকা ওয়াসার এস ও সি বিভাগের আওতাধীন ক্লোরিন সিস্টেম সচল রাখার জন্য ক্লোরিন গ্যাস ভর্তি সিলিন্ডার ভান্ডার বিভাগ হতে পরিবহণ করে এস ও সি বিভাগের ভান্ডারে সংরক্ষণ করা হয়। পরবর্তীতে এই সকল ক্লোরিন গ্যাসভর্তি সিলিন্ডার বিভিন্ন গভীর নলকূপের ক্লোরিন সিস্টেমে সংযুক্ত করে ক্লোরিনেশন সিস্টেম সচল রাখা হয়। তৎপ্রেক্ষিতে খালি সিলিন্ডার এস ও সি বিভাগ হতে পাগলা ভান্ডারে জমা করা এবং গ্যাস ভর্তি সিলিন্ডার পাগলা ভান্ডার হতে এস ও সি বিভাগের বিভাগীয় ভান্ডারে সংরক্ষণ করা বর্তমানে আবশ্যকীয়। তাই জরুরী ভিত্তিতে উক্ত কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্বানুমোদিত (ক্রঃ নং-৪ দ্রঃ) দরের ভিত্তিতে ১ (এক) টি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং-৫)। যার প্রাক্কলিত ব্যয় দাড়িয়েছে টা: ৪৯,৮০০.০৭ (উনপঞ্চাশ হাজার আটশত দশমিক শূন্য সাত টাকা) মাত্র।
- ০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৬-২০২৭ ইং অর্থ-বছরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “অফিস রক্ষণাবেক্ষণ” কোড নং ০১-০২-০১২ খাত হতে নির্বাহ করা হবে (ক্রঃ নং-০১)। যাহা ২০২৬-২৭ অর্থ-বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৩৩ Package No- LS-OM এ নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য যে ঢাকা ওয়াসার DOFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।
- ০৩। এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে Chlorine Cylinder Carrying work from SOC division to Store Division and vice versa কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪৯,৮০০.০৭ (উনপঞ্চাশ হাজার আটশত দশমিক শূন্য সাত টাকা) মাত্র। প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর ধারা ৯৯(১) (ড) মোতাবেক (DPM) হিসেবে ঠিকাদার মেসার্স আক্তার এন্টারপ্রাইজ কর্তৃক কাজটি সম্পাদন করার নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হলো।


০৫.৭.২৬
মোঃ আর হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা


০৫.৭.২৬
মোঃ আইয়ুব খান
উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


০৫.৭.২৬
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


০৫.৭.২৬
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।


১৫.০৭.২০২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।